প্রেমের ছবি – আরিফুল ইসলাম সাকিব

মনের মাঝে প্রেমের ছবি
প্রেম-আবেগে এঁকে যাই,
চক্ষু বুজলে হৃদয়মাঝে
তোমায় শুধু দেখতে পাই।

স্বপ্নমাঝে আসো তুমি জাগলে পরেই হও উধাও, মায়াবিনী মন শিকারি
মনটা তোমার আমায় দাও।

প্রথম দেখায় ভালো লাগায় মনটা আমার পড়ে রয়,
বুকের ভেতর গুনগুনিয়ে
ভালোবাসি তোমায় কয়।

দেখলে তোমায় রূপের শোভায়
ব্যাকুল হয়ে চেয়ে রই,
প্রেমভাবনায় ডুবে মরি
সুখসায়রে উদাস হই।

সত্য অলঙ্কার – মজনু মিয়া

মিথ্যা দিয়ে জীবন সাজায়
রাঙায় যতই মন,
সত্য সুন্দর চিরদিনি
জানে তা ভূবন।

ধন সম্পদ অর্থ যশ সব
অর্জন করা যায়,

সত্য যেদিন প্রকাশ হবে তার কি মূল্য পায়?

সত্য দিয়ে জীবন গড়ো অক্ষয় অমর হয়,
সত্যের পথে চিরদিনি
হবে হবেই জয়।

সত্যতে সুন্দর জানিবে করো না কো ভুল,
সত্য উজ্জ্বল আর জ্বলজ্বলে
ফুটে সুন্দর ফুল।

মিথ্যার কাছে কভু তুমি
হইওনা পরাজয়,
এপার ওপার দু’পারেই যে
রবে তোমার ভয়।

সম্পর্ক – গোলাম মোরশেদ চন্দন

তোমার সাথে, আমার যতো আড়ি
ভাঙবে তাড়াতাড়ি।
মাঝে মধ্যে কমা দেবো
দেবো না তো দাড়ি।।

সেমিকোলন দিতে পারি
দিতে পারি হ্যাস।
এসব জেনে ভেবো না গো সম্পর্কের ড্যাস।
বিস্ময়টা তখন দেবো
আসলে আমার বাড়ী।।

ভাবতে গিয়ে হৃদয় নিয়ে করবে না তো খেলা।
এই হৃদয়ের সবটা পাবে নয়রে অবহেলা।।

প্রশ্নবোধক যতোটা দুরে
ততই কাছাকাছি।
আড়াআড়ি ছাড়াছাড়ির
মধ্যেই বেশ আছি।
সব ভুলে যায় প্রেমে হারায়
প্রেমিকা ও নারী।।

নতুন আঁকা ছবি – আজাদ হোসেন

নতুন বছর নতুন ক্লাসে
খুকুমণি এসে,
নতুন বন্ধু নতুন বইয়ে
সবার সাথে মেশে।

নতুন বইয়ে নতুন ছড়া
নতুন আঁকা ছবি,
পূব আকাশে আঁকা আছে
সোনালী এক রবি।

নতুন স্যারে নতুন পড়ায় আনন্দেতে হাসে,
লিচু চোরের ছড়া খুকু অনেক ভালোবাসে।

বই মূল্যবান সম্পদ – চাঁদনী

বই আমার
জীবনে চলার সাথী।
বই এর সাথে কথা বলি,
বই থেকে ভাল-মন্দ শিখি।
বই পড়ে হয় জ্ঞানী-গুনী,
বই পড়ে দেশ বিদেশ ঘুরি।

বই খুলে সমস্যার সমাধান খুজি
বই থেকে ন্যায়-অন্যায় বুঝি,
বই পড়ে হতে চায় অনেক দামি
বই পড়ে সুন্দর “দেশ ও জাতি গড়ি”।

নতুন তরীর যাত্রী- রাকিবুল ইসলাম কবি

নতুন বছর শুরু হোক
সত্য প্রদীপ জ্বেলে,
পুরনো সব গ্লানি যত
দাওনা মুছে ফেলে।

গড়বো একটা নতুন ধরা থাকবো মিশে সব,
ধনী-গরীব এক কাতারে
কবুল কর রব।

পৃথিবী হোক স্বর্গ উদ্যান যাকনা মুছে পাপ,
ধুয়ে যাক সব যত জঞ্জাল হতে সব নিষ্পাপ।

মাঙ্গি দোয়া তোমার কাছে
ওগো দয়াময়,
মিথ্যা থাকুক পায়ের নিচে
সত্যের হোক জয়।

বাংলার পতাকাতে- জুলফিকার আলী

নয়টি মাসের যুদ্ধের শেষে
বাংলার দামাল ছেলে,
এ দেশ মুক্ত করল বুকের
তাজা রক্ত ঢেলে।

পাক সেনাদের শাসন বেড়ি
ছিঁড়লো নিজের হাতে, ‘জয় বাংলা’ বিজয় ধ্বনি মুক্তি পেলাম তাতে।

মায়ের মুখে ফুটল হাসি সোনার বাংলা গানে,
যুদ্ধে জয়ে মিলল সবাই ভালোবাসার টানে।

তাই তো গাই ফুল ও পাখিরা বাংলা প্রান্ত জুড়ে, বিজয়ের বাতাসে বাংলা খুশিতে যায় মুড়ে।

তিরিশ লক্ষ প্রাণের দানে বিজয় পেলাম হাতে
আলোর নাচন লাল সবুজের বাংলার পতাকাতে।

বিষ ভালোবাসা- মাহবুবা করিম

ভালোবাসলেই জেনে শুনে বিষপান করে মানুষ;
বোধহয় ভালোবেসেই, অন্ধ হয়ে
অমৃত ভেবে তোমাকে গলগল ঢেলে দিয়েছি অন্তরে;
প্রেম ভেবে
সুখ ভেবে
নেশার পেয়ালা ভেবে
শুষে নিয়েছি সাপের চুম্বন

ইতোমধ্যেই
রক্তে মজ্জায়
টের পাই বিষের জ্বালা
ভালোবাসা টের পাই না কেন বলোতো?
ভালোবাসলেই বিষধর সাপ হয়ে যায় বুঝি প্রেমিক?

ডিজিটাল শিশু- গোলাম মোরশেদ চন্দন

বাবা বলে পড়তে বসো, আম্মু বলে খাও
পড়তে এখন ভাল্লাগে না, খেলতে একটু দাও
খেলা শেষে খেয়ে নেবো, বসবো না হয় পড়তে
খাঁচার ভেতর বন্দি করে, বলছে আমায় উড়তে।

এই শহরে নেই এখন আর, খেলার মতো মাঠ বন্দিজীবন পার করছে, জানালা কপাট।
তারই ফাঁকে সুকৌশলে, আবদ্ধ জীবন
কেউ বোঝেনি সে যন্ত্রণা, করতে হয় বহন।

তাই তো এমন হাজার শিশু, গুহার অন্ধকারে বাবা মায়ের ভুল ভাবনায়, খেলে কম্পিউটারে।
ডিজিটাল এই যুগের সাথে, মাঠের হয় না দেখা
মায়েরা আজ ভেবে দেখুন, সবশিশুরা একা।।

এই সমাজের সব বড়োরা, আসলে কি বড়
ভাবতে গেলে মনটা আমার,
হয় যে জড়োসড়ো।।

শীতের পিঠা- আরিফুল ইসলাম সাকিব

দাও দাও পিঠা দাও
খাবো পেট ভরে,
খেজুরের গুড় দাও
থালা পুরা করে।

কুয়াশায় ভোর হয়
খুব শীত পড়ে,
কারে কই এই কথা
কাঁপুনি যে ধরে।

পিঠা নিয়ে যাই রোদে পোহাবার তরে,
কী’যে মজা পাই আহা!
বুঝাই কী করে।